

## অবাস্তব

-দেবশীষ দাস

বোবা চিত্তার ফসল  
তুলি ঘরে ।।  
একদলা মাটি, ঘুনে ধরা কাঠ  
আর কিছু অবাস্তব কল্পনা ।।

এখন কালান্তর  
নদীর জলে বিষ  
মাঝিরা গেছে হারিয়ে  
মাছেরা হাঁ করে গিলে ফেলে  
গোটা পৃথিবী ।।

মাটি ফেটে রক্ত ছুটে  
আকাশ ঢেকে ফেলে ছাই  
শুধু জানালার ফাঁক দিয়ে দেখি  
সারি সারি মৃত শরীর ।।

এখন, ক্যানভাস ছুঁলে আগুন  
কলমের কালি শেষ ।  
বিছানাও টানেনা কাছে  
কোথায় বিক্রি করি এ শরীর ?